আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

রাজস্ব বিভাগ
এস্টেট শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- চসিক/রাঃ বিঃ/এস্টেট/২৬৬(১৪)/১৮ তারিখঃ ০৭/০২/১৮

হাট-বাজার / ফেরী ঘাট/ পশু জবাইখানা ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজার / ফেরীঘাট (পাটনীজীবীদেরকে অগ্রাধিকার দেয়া হবে) / পশু জবাইখানা সমূহের ইজারা প্রদানের নিমিত্ত ১৪২৫ বাংলা সনের জন্য সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	হাট-বাজারসমূহের নাম	সিডিউল এর মূল্য	গড়মূল্যের ২৫% বৃদ্ধিতে সরকারী মূল্য (পরি পত্রের অনুবলে)	দরপত্র দাখিলের তারিখ
১	সাগরিকা গরু বাজার	১,৮৫,৮০০/-	৮,৩৫,২২,০২৫.৮৩	২০/০২/২০১৮
২	বিবির হাট গরু বাজার	৫১,২০০/-	২,৫২,৪১,৩৯৯.১৭	২০/০২/২০১৮
৩	রিয়াজউদ্দিন বাজার	২১,৬০০/-	১,০৪,৫২,০৮৩.৩৩	২০/০২/২০১৮
৪	বহদ্দারহাট কাঁচা বাজার	২৩,২০০/-	১,১২,৫০,০০০.৪২	২০/০২/২০১৮
৫	কর্ণেল হাট	৪,৪০০/-	১৮,৫১,৮৭৩.৭৫	২০/০২/২০১৮
৬	ফইল্যাতলী বাজার	৩,৮০০/-	১৫,৬৪,৯১৫.৮৩	২০/০২/২০১৮
৭	ফিরিঙ্গি বাজার	২,০০০/-	৬,৩৫,৬২৫.০০	২০/০২/২০১৮
৮	কাজির হাট	৬,৬০০/-	২৯,৩২,১৭৬.২৫	২০/০২/২০১৮
৯	হাজী আব্দুল আলী শপিং আর্কেড কাঁচা বাজার (বেসমেন্ট)	২,৬০০/-	৯,৫৬,২০৮.৩৩	২০/০২/২০১৮
১০	ফকির হাট	২,৬০০/-	৯,৫২,৯১৬.৬৭	২০/০২/২০১৮
১১	দেওয়ান হাট কাঁচা বাজার	২,০০০/-	৬,৮৪,৩৮২.৫০	২০/০২/২০১৮
১২	বক্সির হাট	৪,০০০/-	১৬,১৩,৯৫৫.৮৩	২০/০২/২০১৮
১৩	পাহাড়তলী কাঁচা বাজার	২,২০০/-	৭,৬০,০৩০.০০	২০/০২/২০১৮
১৪	আব্দুল মাবুদ সওদাগর হাট	৩,২০০/-	১২,৯৮,৭৭৮.৭৫	২০/০২/২০১৮
১৫	কামাল বাজার	২,০০০/-	৬,৩০,০০.০০	২০/০২/২০১৮
১৬	বলির হাট	১,০০০/-	১,৩১,৭০৮.৩৩	২০/০২/২০১৮
১৭	আনন্দ বাজার	১,০০০/-	১,৭৭,৭০৮.৩৩	২০/০২/২০১৮
১৮	বিবির হাট কাঁচা বাজার	২,০০০/-	৬,৪২,০৮৩.৩৩	২০/০২/২০১৮
১৯	চকবাজার	৫,০০০/-	২১,১৩,৭৫০.০০	২০/০২/২০১৮
২০	কমল মহাজন হাট	১,০০০/-	১,১২,৫০০.০০	২০/০২/২০১৮
২১	হামিদউল্লাহ খান বাজার	--	--	২০/০২/২০১৮

ফেরীঘাট সমূহ ঃ

ক্রঃনং	ফেরীঘাট মূহের নাম	সিডিউল এর মূল্য	সম্ভাব্য মূল্য	দরপত্র দাখিলের তারিখ
১	সন্টগোলা ঘাট	৪,২০০/-	১৭,২১,৫০০/-	২২/০২/২০১৮
২	৭নং রুবি সিমেন্ট ফ্যাক্টরী সংলগ্ন ঘাট	৫০০/-	৩৪,১০০/-	২২/০২/২০১৮
৩	১১নং মাতব্বর ঘাট	১১,২০০/-	৫২,৩০,৫০০/-	২২/০২/২০১৮
৪	তিনটিংঙ্গা ঘাট	৩,৬০০/-	১৪,০২,৫০০/-	২২/০২/২০১৮
৫	পতেঙ্গা ১৪নং ঘাট ও গুচ্ছগ্রাম ঘাট	১৫,০০০/-	৭১,৫৭,৭০০/-	২২/০২/২০১৮
৬	নয়ারাস্তা পাকা পুল ঘাট	১,৬০০/-	৪,৬৭,৫০০/-	২২/০২/২০১৮
৭	বালাম বোর্ড সম্মুখস্থ ইব্রাহিম সওঃ দালান সংলগ্ন শুটকী ঘাট	১,২০০/-	২,২১,২৮৩.০০	২২/০২/২০১৮
৮	চাক্তাই খালের পাশে পান ঘাট হতে গাইজ্জের ঘাট	৫০০/-		২২/০২/২০১৮
৯	চাক্তাই ঘাট	৪,২০০/-	১৭,৬০,০০০/-	২২/০২/২০১৮
১০	ফিসারীঘাট	৭,৮০০/-	৩৫,০৬,২৫০/-	২২/০২/২০১৮
১১	নতুন ঘাট	৪,৪০০/-	১৮,৮৪,৩০০/-	২২/০২/২০১৮
১২	সদরঘাট	১,০০০/-	১,১১,১০০/-	২২/০২/২০১৮

পশু জবাইখানা

ক্রঃনং	পশু জবাইখানা	সিডিউল এর মূল্য	সম্ভাব্য মূল্য	দরপত্র দাখিলের তারিখ
১	ফিরিঙ্গীবাজার	২,৮০০/-	১০,২৩,৩৬৬.৬৭	২২/০২/২০১৮
২	পাহাড়তলী	২,৬০০/-	৯,২৬,৬০৩.৩৪	২২/০২/২০১৮
৩	রওফাবাদ (অক্সিজেন)	১,৪০০/-	৩,০৫,৫৪৩.৩৪	২২/০২/২০১৮

শর্তাবলী ঃ

ক. ১৪২৫ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদ কালের জন্য ইজারা দেয়া হবে।

খ. হাট-বাজার/পশু জবাইখানা এর দরপত্র দাতাদের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারাদারের বরাবর ফেরত দেয়া হবে।

গ. ফেরীঘাটের দরপত্র দাতাদের সাথে দরপত্রের উল্লিখিত দরের ২৫% শতাংশ অর্থ জামানত স্বরূপ মেয়র সিটি কর্পোরেশন বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে সংযোজন করতে হবে।

ঘ. যার দরপত্র গৃহীত হবে, তাকে সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

ঙ. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারামূল্য ও সরকারী মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। ২য় বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারামূল্য হতে কম হয়, তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

চ. একটির জন্য ক্রয়কৃত দরপত্র অন্যটির জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

ছ. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা হাট-বাজার/ফেরীঘাট/পশু জবাইখানা এর নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

জ. সরকার অনুমোদিত রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করতে হবে।

ঝ. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

ঞ. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

ট. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

ঠ. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

ঢ. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষণ করবেন।

ণ. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

ত. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার / ফেরীঘাট / পশু জবাইখানার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

থ. হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

চলমান পাতা-৩

দ. উল্লিখিত হাট-বাজার / ফেরীঘাট / পশু জবাইখানাসমূহ ইজারা প্রদানের জন্য পার্শ্বেবর্ণিত তারিখে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দরপত্র কর্পোরেশনের এস্টেট শাখার রক্ষিত দরপত্র বাক্সে ফেলতে হবে। উল্লিখিত তারিখে দুপুর ১.৩০ ঘটিকায় কর্পোরেশন মিলনায়তনে দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

ধ. মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে ইজারার শর্ত সম্বলিত দরপত্র ফরম পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) অত্র অফিসের এস্টেট অফিসার, টেক্সেশান অফিসার, সার্কেল ৬, আব্দুল আলী শপিং আর্কেড (২য় তলা) এবং টেক্সেশান অফিসার, সার্কেল ৮, দেওয়ানহাট কর্ণফুলী কমপ্লেক্স, আঞ্চলিক অফিসে দরপত্র জমা দেয়ার তারিখের পূর্ব দিন পর্যন্ত ক্রয় করা যাবে।

ন. প্রদত্ত দর গৃহীত হবার পর উদ্বৃত দরের সমুদয় অর্থ এবং ইজারা মূল্যের উপর আরো অতিরিক্ত ৫% হারে অগ্রিম আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন করসহ সার্কুল্য অর্থ ৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

প. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- চসিক/রাঃ বিঃ/এস্টেট/২৩৩(১৪)/১৮ তারিখঃ ০৭/০২/১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ- (জ্যেষ্টতার ক্রমানুসারে নহে)

১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
৩। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৬। সম্মানিত ওয়ার্ড / সংরক্ষিত কাউন্সিলর ....নং ওয়ার্ড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম জেলা পরিষদ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম।
৯। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।
১০। আইটি অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১১। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকা ২টি এবং স্থানীয় ২টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১২। টেক্সেশান অফিসার, সার্কেল ৬, আব্দুল আলী শপিং আর্কেড (২য় তলা) এবং টেক্সেশান অফিসার, সার্কেল ৮, দেওয়ানহাট কর্ণফুলী কমপ্লেক্স, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১৩। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
১৪। অফিস কপি

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন